



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

১ জুলাই, ২০২৪ - ৩০ জুন, ২০২৫

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭-৯
সংযোজনী ১: শব্দ সংক্ষেপ	১০
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১১
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক সমূহ	১২-১৩
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৪-১৬
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৭
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৮
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৯
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	২০

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) মানিকগঞ্জ জেলা নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন ও স্যানিটেশন সেবা প্রদান করে আসছে। বিভিন্ন প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ অনুযায়ী মানিকগঞ্জ জেলার পল্লী ও শহর অঞ্চলে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন সাধন করে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ জেলার জনগণকে সেবা প্রদান করে চলেছে। মানিকগঞ্জ শহর এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়ন কল্পে বর্তমানে এ জেলা কাজ করে চলছে। তাছাড়া প্রায় প্রতি বছরই বন্যা ও বিভিন্ন দুর্যোগ মুহর্তে প্রশাসনের সাথে সমন্বয় করে দুর্গতদের দুর্দশা লাঘবে এই অধিদপ্তর কাজ করে। বিগত ৩ বছরে মানিকগঞ্জ জেলার পল্লী ও শহর অঞ্চলে ৭০০০ টি বিভিন্ন প্রযুক্তির পানির উৎস স্থাপন করা হয়েছে। উক্ত সময়ে মানিকগঞ্জ পৌর এলাকায় ০৮টি উৎপাদক নলকূপ আনুসঙ্গিক কাজ সহ, বিভিন্ন ব্যাসের ৩০কিমি. ডিস্ট্রিবিউশন পাইপড লাইন ও বিভিন্ন ব্যাসের ১০ কিমি. পাইপড লাইন পুনর্বাসন করা হয়েছে। এছাড়াও মানিকগঞ্জ পৌর এলাকায় ৩৫০ ঘনমিটার (প্রতি ঘন্টায়) ডু-পৃষ্ঠস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট এর কাজ সমাপ্ত করা হয়েছে এবং গ্রামীণ পাইপ ওয়াটার স্কিম-০২ টি, তাছাড়াও বন্যা দুর্গতদের এলাকায় প্রায় ৪.৫ (চার লক্ষ পঞ্চাশ) লক্ষ পানি বিশুদ্ধ করন ট্যাবলেট এবং ২০ ড্রাম ক্লিচিং পাউডার (১০০০ কেজি) সরবরাহ করাসহ ১৫ টি আশ্রয় ক্যাম্পে ৮০ টি ল্যাট্রিন ও ৫৫ টি অস্থায়ী নলকূপ স্থাপন করা হয়েছে।

#### সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ

দেশের অন্যান্য স্থানের মত মানিকগঞ্জ জেলাও পানি সরবরাহ ও স্যানিটেশন বর্জ্য ব্যবস্থাপনা হলে অর্জিত স্থায়ী করন কার্যকারিতা বৃদ্ধি করন এই চ্যালেঞ্জ উত্তোরনের জন্য জনসাধারণের মাঝে প্রয়োজনীয় পানি সরবরাহ স্যানিটেশন খাতকে আলাদা আলাদা কনটেন হিসেবে স্বীকৃতি ও বিশেষ অগ্রাধিকার পূর্বক বাজেট বরাদ্দ করন, জেলার সকল উপজেলায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করনের ক্ষেত্রে অন্তরায় হলে এই খাতে বরাদ্দের প্রয়োজনের তুলনায় অনেক কম। অধিদপ্তরের অন্যান্য জেলার ন্যায় মানিকগঞ্জ জেলাতেও জনবলের সংকট যা উন্নয়নমূলক বাস্তবায়নের বড় অন্তরায়। ব্যবস্থাপনার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতিকে টেকসই করা ও এর কার্যকারিতা বৃদ্ধিকরণ এবং অর্থায়ন। সামগ্রিককাজের মনিটরিং ও মূল্যায়ন, তথ্য সংগ্রহ ও সংরক্ষণ।

#### ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক মানিকগঞ্জ জেলায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের জন্য বেশ কিছু পরিকল্পনা রয়েছে। কারণ মানিকগঞ্জ জেলা ডু-প্রকৃতিভাবে দেশের অন্যান্য জেলার থেকে আয়রন ও আর্সেনিকের মাত্রা অনেক বেশী এছাড়াও এখানে কঠিন শিলা স্তর অববাহিকা হওয়ায় খুব সহজে ডু-গর্ভস্থ পানি উত্তোলন সম্ভব নয়। তাই ডু-পৃষ্ঠস্থের পানির ব্যবহার এবং সংরক্ষণ এছাড়াও জেলার প্রতিটি উপজেলায় উৎপাদক নলকূপ স্থাপনের মাধ্যমে পাইপ ওয়াটার সিস্টেম স্থাপন যথা জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভিস্ট এর লক্ষ্যমাত্রা ৬.২ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে দেশের প্রতিটি নাগরিকের জন্য সমতা ও পর্যাপ্ত ভিত্তিতে স্যানিটেশন ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা সৃষ্টি করা, খোলা জায়গায় মল ত্যাগ না করা, নারীও শিশু ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে বৃদ্ধমান জনগোষ্ঠির পানি সরবরাহ, স্যানিটেশন উপর বিশেষ গুরুত্ব আরোপ করা।

#### ২০২৪-২০২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ

- পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানি উৎস স্থাপন-১০০০ টি
- টুইন পিট ল্যাট্রিন নির্মাণ-৩০০০ টি
- পানির গুণগতমান নিশ্চিতকল্পে পানির নমুনা সংগ্রহ ও পরীক্ষা-১০০০ টি